

ইকোমেট

ইকোনাজল নাইট্রেট বিপি

পরিচিতি :

ইকোমেট ক্রীম: ইকোনাজল একটি সাদা রং এর ক্রীম যাতে রয়েছে ১% w/w ইকোনাজল নাইট্রেট বিপি।

নির্দেশনা এবং ব্যবহার :

ইকোনাজল নাইট্রেট একটি ব্রড স্পেকট্রাম এন্টি ফাংগাল ড্রাগ। এটি নিম্নলিখিত যে কোন জীবাণু দ্বারা গঠিত ডার্মাসাইকোসিস এর বিরুদ্ধে কার্যকরী। বিভিন্ন ডার্মাটোফাইট গুলো হলো : ট্রাইকোফাইটন, এপি ডারসোফাইটন, মাইকোস্পোরাম এবং অন্যান্য। বিভিন্ন ঈষ্ট যেমন ক্যানডিডা, রডোটোলা এবং অন্যান্য বিভিন্ন ছত্রাক। এছাড়া এটি বিভিন্ন গ্রাম পজিটিভ জীবাণুর বিরুদ্ধে কার্যকরী। এই ক্রীমটি বিভিন্ন ডার্মাটোফাইট, ঈষ্ট, মোল্ড ও অন্যান্য ফাংগাল ইনফেকশন সমূহে কার্যকরী। এমিকোমাইকোসিস এর ক্ষেত্রে এই ক্রীমের সঙ্গে অন্যান্য মুখে সেবনীয় ছত্রাক বিরোধী ঔষধ সেব্য।

মাত্রা ও সেবনবিধি :

এই ক্রীমটি রাতে ও সকালে দিনে এক বা দু'বার আক্রান্ত জায়গায় আঙ্গুলের সাহায্যে লাগাতে হবে। হাতের মাইকোসিসের বেলায়, এই ক্রীমটি হাত ধোয়ার পর লাগাতে হবে। এমিকোমাইকোসিসের চিকিৎসায় অক্লোসিড ড্রেসিং এর প্রয়োজন। রোগের পুনরাবৃত্তি যাতে না ঘটে সেজন্য রোগগুলোর লক্ষণসমূহ দূরীকরণের দু'সপ্তাহ পর্যন্ত চিকিৎসা চালিয়ে যেতে হবে।

প্রতিনির্দেশনা :

ইকোনাজল এর কোন সুনির্দিষ্ট প্রতিনির্দেশনা নেই। যা হোক, ব্যতিক্রম ক্ষেত্রে হাইপার সেনসিটিভিটির রিপোর্ট পাওয়া যায়।

পার্শ্বপ্রতিক্রিয়া : সচরাচর ক্ষেত্রে ঔষধটি ব্যবহারের পরে সামান্য এবং ক্ষণস্থায়ী ইরিটেশন হতে পারে।

সতর্কতা : কোন সতর্কতার দরকার নেই।

মাত্রাধিক্য :

এই ক্রীমটি শুধুমাত্র বাহ্যিক ব্যবহারের জন্য। যদি ভুলক্রমে এই ঔষধ খেয়ে ফেলা হয়, তবে পাকস্থলী পরিষ্কার করার প্রয়োজন হবে।

আনুসঙ্গিক তথ্য: চিকিৎসাকালীন সময়ে আক্রান্ত স্থান পরিষ্কার ও শুষ্ক রাখতে হবে।

সংরক্ষণ : ঠান্ডা ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

সরবরাহ : প্রতি বক্সে আছে ১০ গ্রাম ক্রীমের একটি লেমিনেট টিউব।



মেডিমেট

প্রস্তুতকারক :

মেডিমেট ফার্মাসিউটিক্যালস্ লিঃ
রূপাতলী, বরিশাল, বাংলাদেশ।